



## লাভেলো আইসক্রিমের প্রথম প্রান্তিক প্রকাশ

পুঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি লাভেলো ব্র্যান্ডের আইসক্রিম বাজারজাতকারী প্রতিষ্ঠান তাগফিকা ফুডস এ্যান্ড লাভেলো আইসক্রিম পিএলসির পরিচালনা পর্ষদের বৈঠকে চলতি হিসাব বছরের প্রথম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন করা হয়।

আলোচ্য সময়ে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ৩২ পয়সা, যা আগের বছর একই সময়ে ছিল ৫৬ পয়সা।

প্রথম প্রান্তিকে কোম্পানিটির কর-পরবর্তী নীট মুনাফা হয়েছে ২ কোটি ৬৯ লাখ ৪ হাজার ৮৯০ টাকা, যা আগের বছর একই সময়ে ছিল ৪ কোটি ৭২ লাখ ৬৮ হাজার ২২৩ টাকা।

প্রথম প্রান্তিকে কোম্পানিটির নীট বিক্রয়ের পরিমাণ ২১ কোটি ৮৯ লাখ ৩৪ হাজার ৬৪৭ টাকা, যা আগের বছর একই সময়ে ছিল ৩২ কোটি ৭৯ লাখ ৩৫ হাজার ১০৮ টাকা।

৩০ সেপ্টেম্বর ২০২৩ শেষে, কোম্পানিটির শেয়ার প্রতি সম্পদমূল্য (এনএভি) দাঁড়িয়েছে ১৩ টাকা ২৫ পয়সা, যা ৩০ জুন ২০২৩ শেষে ছিল ১২ টাকা ৯৪ পয়সা এবং কোম্পানিটির শেয়ার প্রতি এনওসিএফপিএস হয়েছে .৯৮ টাকা, যা আগের বছর একই সময়ে ছিল ১ টাকা ৪০ পয়সা।

উক্ত বোর্ড সভায় ১২তম বার্ষিক সাধারণ সভার পূর্বঘোষিত সময়সূচি পরিবর্তন করে ২৮ ডিসেম্বর, ২০২৩ সকাল ১১ টা ৩০ মিনিটের পরিবর্তে ৩০ ডিসেম্বর, ২০২৩ সকাল ১১ টা ৩০ মিনিটে নির্ধারণ করা হয়েছে।